

৫৬ বছরেও মুক্তিযুদ্ধের নির্ভুল ইতিহাস রচিত হয়নি : জবি উপাচার্য

জবি প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.
রইছ উদ্দিন বলেছেন, স্বাধীনতার ৫৬ বছর
হলেও বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রকৃত ও নির্ভুল
ইতিহাস এখনো রচিত হয়নি, যা জাতির জন্য
এক বড় কলঙ্ক।

মা পড়ুন



কাল পরীক্ষা, অথচ ভুলে ভরা
প্রবেশপত্রে অনিশ্চয়তায় ১৫০
এসএসসি পরীক্ষার্থীর অংশগ্রহণ

সোমবার (২০ এপ্রিল) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে
(জবি) ‘অপারেশন সার্চলাইট ও বাংলাদেশের

মুক্তিযুদ্ধের সূচনা : ইতিহাসের প্রামাণ্য
আখ্যানের সন্ধানে' শীর্ষক সেমিনারে এ কথা
বলেন তিনি।

উপাচার্য বলেন, মিথ্যার ওপর প্রতিষ্ঠিত ইতিহাস
পরিহার করে বাস্তবভিত্তিক ও নিরপেক্ষ ইতিহাস
সামনে নিয়ে আসতে হবে। তিনি দুঃখ প্রকাশ
করে বলেন, এখনো মুক্তিযুদ্ধে শহীদের সঠিক
সংখ্যা কিংবা শহিদ বুদ্ধিজীবীদের পূর্ণাঙ্গ
তালিকা নির্ধারণ করা সম্ভব হয়নি।

জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধের ইতিহাস এখনো
সুসংহতভাবে প্রতিষ্ঠিত হয়নি। ভবিষ্যৎ
প্রজন্মের কাছে সঠিক ইতিহাস পৌঁছে দিতে
একটি সমন্বিত ও সুস্পষ্ট সিদ্ধান্ত গ্রহণ করতে
হবে। পাশাপাশি স্বাধীনতা যুদ্ধ নিয়ে বিভক্তি ও
ইতিহাস বিকৃতির প্রবণতা থেকে বের হওয়ার
আহ্বান জানান তিনি।

পড়ুন



কাল পরীক্ষা, অথচ ভুলে ভরে
প্রবেশপত্রে অনিশ্চিত্যতায় ১৫০
এসএসসি পরীক্ষার্থীর অংশগ্রহণ

প্রধান বক্তার বক্তব্যে ড. সলিমুল্লাহ খান বলেন,
সঠিক ইতিহাসচর্চা এবং রাষ্ট্রীয় বয়ানের বাইরে

মুক্তিযুদ্ধের সূচনাপর্বের বহুমাত্রিক বিশ্লেষণের
প্রয়োজনীয়তা রয়েছে।

১৯৭১ সালের ২৫ মার্চের ‘অপারেশন সার্চলাইট’
ছিল পাকিস্তানি সামরিক জাঙ্গার সুপারিকল্পিত
দমন-পীড়ন, যা বাঙালির সশস্ত্র প্রতিরোধ ও
মুক্তিযুদ্ধকে ত্বরান্বিত করে। এই হত্যাযজ্ঞ
আন্তর্জাতিক আইনের দৃষ্টিতে গণহত্যার শামিল,
তবে এর পূর্ণাঙ্গ দলিলীকরণ এখনো জরুরি।
তিনি মুক্তিযুদ্ধের ইতিহাস বুঝতে রাজনৈতিক-
ঐতিহাসিক প্রেক্ষাপট, বহুমাত্রিক উৎস,
প্রত্যক্ষদর্শীর বয়ান, আন্তর্জাতিক প্রতিক্রিয়া ও
সমকালীন দলিল ব্যবহারের ওপর জোর দেন।

বিশ্ববিদ্যালয়ের গবেষণা পরিচালক অধ্যাপক
ড. ইমরানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানটি
সঞ্চালনা করেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
বিভাগের ড. মো. আনিসুর রহমান।

এ সময় সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন
অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক,
শিক্ষার্থী ও গবেষকবৃন্দ উপস্থিত করেন।

